

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জুলাই ২০২৪খ্রি.

পরিবেশ রক্ষায় ৫ লক্ষ গাছ লাগাব: মেয়র রেজাউল

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ও সবুজ নগরী গড়ার প্রত্যয়ে নগরীতে বৃক্ষপোন কর্মসূচি গ্রহন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

সোমবার দুপুরে টাইগারপাশ্ বিন্মাঘাস প্রকল্প এলাকায় বৃক্ষরোপনের মধ্যদিয়ে এই কর্মসূচির উদ্বোধন করেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

এ সময় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, সচিব মো. আশরাফুল আমিন, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ সাইফুল ইসলাম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, ম্যালিারিয়া ও মশক নিধন কর্মকর্তা শরিফুল ইসলাম মাহি, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, বস্তি উন্নয়ন কর্মকর্তা মইনুল হোসেন জয় প্রমুখ।

বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধনকালে মেয়র বলেন, পরিকল্পিতভাবে বৃক্ষ লাগিয়ে পরিবেশ রক্ষা করতে হবে। আজকে বিশ্বের সবচেয়ে আলোচিত বিষয় জলবায়ু পরিবর্তন ঠেকাতে পরিবেশ রক্ষায় বৃক্ষ রোপন অপরিহার্য। তিনি বলেন, আমরা যেমন পরিবেশকে আঘাত করেছি তেমনি পরিবেশও আমাদের প্রতি বৈরী আচরণ করছে। যার ফলে অতিরিক্ত খরা ও অতি বৃষ্টি দেখা দিচ্ছে। পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হলে আমাদের বনাঞ্চল সৃষ্টি করতে হবে। এই লক্ষে আমরা বৃক্ষরোপন কর্মসূচি সহ নগরীর স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে ৫ লক্ষ গাছের চারা বিতরণের উদ্যোগ নিয়েছি। এছাড়া প্রত্যেক কাউন্সিলরকে নিজ নিজ ওয়ার্ডে রোপনের জন্য ৫ হাজার করে চারা প্রদান করা হয়। তিনি বলেন, এই কর্মসূচি বাস্তবায়নের মধ্য দিয়ে নগরীকে সবুজায়ন করে তুলতে পারবো মনে করি।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮